

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সুবর্ণচর, নোয়াখালী

স্মারক নং-৩১.৫২.৭৫৮৫.০০০.৯৯.০৫২.২৩- ৭৮৯

তারিখ: ৩০/১০/২০২৩ খ্রি.


নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা নোয়াখালী জেলার সকল জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৮ আগস্ট ২০২৩ ইং তারিখে সুবর্ণচর উপজেলার চর জঙ্গর এলাকায় অবৈধভাবে উত্তোলিত ২০,০১০ (বিশ হাজার দশ) ঘনফুট বালু জব্দ করা হয়। যা উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক নির্ধারিত মূল্যায়ন কমিটি সরেজমিনে তদন্ত করে জব্দকৃত বালুর মূল্যায়ন প্রতিবেদন দাখিল করেন।

এমতাবস্থায়, আগামী ০৬ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় চরজঙ্গর ইউনিয়নের ছাতা মার্কেট সংলগ্ন চরজঙ্গর এলাকায় বালু জব্দকৃত স্থানে নিলাম কমিটির উপস্থিতিতে উন্মুক্ত নিলামের মাধ্যমে জব্দকৃত বালু নিলাম অনুষ্ঠিত হবে। বালু ক্রয়ে আগ্রহী ব্যক্তিদের জব্দকৃত বালুর স্থান পরিদর্শনপূর্বক যথাসময়ে নিলাম কার্যে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।


নিলাম ডাকের শর্তাবলি

- ১। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গকে জামানত হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা নগদ জমা করে ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। সর্বোচ্চ ডাককারীর নামে নিলাম বরাদ্দ হবে। ডাকে সমুদয় অর্থ (ভ্যাট ও আয়কর সহ) ১০/১১/২০২৩ ইং তারিখে মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হবে। চালানের মূলকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিয়ে কার্যাদেশ সংগ্রহ করতে হবে।
- ৩। সর্বোচ্চ নিলাম ডাককারী ব্যক্তিকে ক্রয়কৃত মোট মূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর ট্রেজারি চালানের মাধ্যমে যথাক্রমে ১-১১৩৩-০০১৫-০৩১১ ও ১-১১৪১-০১৩০-০১১১ কোডে জমা দিতে হবে।
- ৪। কার্যাদেশ প্রাপ্তির ৩০ দিনের মধ্যে নিলাম গ্রহীতাকে নিজ খরচে মালামাল সরিয়ে নিতে হবে। অন্যথায় নিলাম মূল্যে বাজেয়াপ্তকরণসহ কার্যাদেশ বাতিল করা হবে।
- ৫। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক গ্রহণ, বাতিল অথবা সম্পূর্ণ নিলাম প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


অশোক বিক্রম চাকমা
সহকারী কমিশনার (ভূমি)
ও
আহবায়ক
বালু নিলাম কমিটি
সুবর্ণচর, নোয়াখালী

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপজেলা প্রকৌশলী, সুবর্ণচর, নোয়াখালী
 - ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুবর্ণচর, নোয়াখালী
 - ৩। অফিসার ইনচার্জ, চরজঙ্গর থানা, নোয়াখালী (আইনশৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় পুলিশ মোতায়েনের অনুরোধ করা হলো)
 - ৪। সহকারী প্রোগ্রামার, সুবর্ণচর, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
 - ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, চরজঙ্গর ইউনিয়ন, সুবর্ণচর, নোয়াখালী। (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি টাঙানোর জন্য অনুরোধসহ)
- অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
- ১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী
 - ২। পুলিশ সুপার, নোয়াখালী
 - ৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী
 - ৪। উপজেলা নির্বাহী অফিসার, সুবর্ণচর, নোয়াখালী


অশোক বিক্রম চাকমা
সহকারী কমিশনার (ভূমি)
সুবর্ণচর, নোয়াখালী